

প্রেস রিলিজ
১৫ ডিসেম্বর ২০২৪

বাংলাদেশের মাটি ও পতাকা রক্ষা করার দায়িত্ব আমাদের- বাউবি উপাচার্য



লাখে শহীদের রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীন বাংলাদেশের মাটি ও পতাকা রক্ষা করার দায়িত্ব আমাদের সকলের। ১৯৭১ সালে ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবীদের হত্যা করে বাংলাদেশ দেশকে মেধা শূণ্য করা হয়েছিল ঠিক একইভাবে সদ্য পালিয়ে যাওয়া স্বৈরশাসক এদেশের নিরহী ছাত্র-জনতাকে নির্মমভাবে হত্যা করতে এতটুকু দ্বিধা করেনি। তথাকথিত ফ্যাসিস্ট ও অগণতান্ত্রিক সরকার রাষ্ট্রযন্ত্রকে অপব্যবহার করে রামরাজত্ব কায়েম করেছিল। খুন, ধর্ষণ, ঘৃষ, দুর্নীতিসহ এমন কোন অপকর্ম নেই যা পলাতক ফ্যাসিস্ট সরকার করেনি। ভয়ের সংস্কৃতি থেকে মুক্তির বাসনা নিয়ে জীবন বাজি রেখে দেশের গণতন্ত্রকামী ছাত্র-জনতা ফ্যাসিস্ট স্বৈরাচারী সরকারের বিরুদ্ধে দূর্বীর প্রতিরোধ গড়ে তুলতে সক্ষম হয়। ছাত্র-জনতার গণপ্রতিরোধী এ আন্দোলনের চূড়ান্ত বিজয় হিসেবে দেশ ফ্যাসিস্ট ও শোষক মুক্ত হয়। বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে দেশ বিরোধী ষড়যন্ত্রকারীদের হাত থেকে এদেশের মাটি ও পতাকাকে রক্ষা করার দায়িত্ব আমাদের। আর এজন্য আমাদের সকলকে অঙ্গীকার করতে হবে। আজ ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ রবিবার সকালে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ কেন্দ্রীয় সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত শহিদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উপলক্ষ্যে 'ভয়ের সংস্কৃতি থেকে মুক্তির বাসনা: গণপ্রতিরোধের ঐতিহাসিক পথরেখা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যদানকালে উপাচার্য প্রফেসর ড. এ বি এম ওবায়দুল ইসলাম এসব কথা বলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর সাঈদ ফেরদৌস পিএইডি। সভাপতির বক্তব্যে সাঈদ ফেরদৌস বলেন, দেশের সার্বভৌমত্ব রক্ষার জন্য ভয়ের সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে। এখনও দেশ পুরোপুরি সংকামুক্ত নয়। এখনও অনেক সংস্কার বাকি রয়েছে। আমাদেরকে স্বৈরশাসক ও ষড়যন্ত্রের বিরুদ্ধে লড়াই করতে হবে। আমাদেরকে সকলের জন্য বাসযোগ্য একটি সুন্দর বাংলাদেশ গড়ে তুলতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন।

অনুষ্ঠানে 'ভয়ের সংস্কৃতি থেকে মুক্তির বাসনা: গণপ্রতিরোধের ঐতিহাসিক পথরেখা' শীর্ষক গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাউবির সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের সহযোগী অধ্যাপক খান মো: মনোয়ারুল ইসলাম। 'ভয়ের সংস্কৃতি থেকে মুক্তির বাসনা: গণপ্রতিরোধের ঐতিহাসিক পথরেখা' শীর্ষক উপস্থাপিত প্রবন্ধটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী বলে উপস্থিত বক্তাগণ মন্তব্য করেন। অনুষ্ঠানে আলোচক হিসেবে বক্তব্য রাখেন ওপেন স্কুলের অধ্যাপক ড. চেসীশ খান। অনুষ্ঠানে বাউবির বিভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, বিভিন্ন বিভাগের পরিচালক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮